দৈনিক বাংলা

তারিখ 03 DEC 1991
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বেসরকারী শিক্ষকরা নয়া বেতন স্কেল পর্যায়ক্রমে পাবেন ঃ শিক্ষামন্ত্রী

বাংলাদেশ শিক্ষক সমিতি ঐক্যফ্রন্ট বর্তমান গণতান্ত্রিক সরকারের উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে এবং শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূল করার ব্যাপারে সরকারকে সর্বাত্মক সহযোগিতা দেবে। রোববার শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারের সঙ্গে এক বৈঠকে ফ্রন্ট নেতৃবৃন্দ এই আশ্বাস দেন। খবর তথ্য বিবরণীর।

বৈঠকে শিক্ষকসমাজের বিশেষ করে বেসরকারী শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার বেসরকারী শিক্ষকদের জন্য নতুন বেতন স্কেল বাস্তবায়নে নীতিগতভাবে একমত এবং সম্পদের সীমাবদ্ধতার কারণে তা ফ্রন্টের সাথে আলোচনা সাপেক্ষে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।

বৈঠকে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যক্ষ মোকারম হোসেন, সাধারণ সম্পাদক তোফায়েল আহমদ চৌধুরী বাংলাদেশ জমিয়াতুল মুদারেছীনের মহাসচিব মওলানা আবদুল লতিফ, যুগ্ম-সম্পাদক মওলানা আবুনছর শামসুল ইসলাম, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ মোয়াজ্জেম হুসাইন খান, সাধারণ সম্পাদক আলী আকবর খান ডলার, বাংলাদেশ কলেজ (বেসরকারী) শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মুনীর আহাম্মদ, সাধারণ সম্পাদক আবুল কাশেম, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ডঃ সৈয়দ আহাম্মদ, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম এবং বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি নূরুল্লাহ বৈঠকে উপস্থিত ছিলেন।

20